

## স্বপ্নবাজ মেয়র আনিসুল সবক্ষেত্রেই সফল

✍ নিজস্ব প্রতিবেদক

🕒 প্রকাশিত: ০৯:৫৯ পিএম, ০২ ডিসেম্বর ২০১৮



স্বপ্নবাজ এক মানুষ ছিলেন আনিসুল হক। তিনি নিজে সফলতার স্বপ্ন দেখতেন। অন্যকে স্বপ্ন দেখাতে ভালোবাসতেন। শুধু তাই নয়; সে সব স্বপ্ন বাস্তবায়নও করেছেন। যিনি ৬৭ বছর ধরে বেদখল হওয়া রাস্তা উদ্ধার করেছেন মাত্র দু'দিনে। যার ছোঁয়ায় ঢাকা উত্তর সিটি কর্পোরেশন আধুনিক শহরের রূপ নিয়েছে। বহুবিধ মানবিক গুণের অধিকারী আনিসুল হক সংগঠক, নেতা ও অভিাবক সব ক্ষেত্রেই সফল হয়েছেন। এখন আমাদের দায়িত্ব হবে তার দেখা সে স্বপ্নের রাজধানী গড়ে তোলা।

রোববার রাজধানীর বিজিএমইএ ভবনে প্রয়াত মেয়র আনিসুল হকের প্রথম মৃত্যুবার্ষিকী উপলক্ষে আয়োজিত স্মরণসভায় এসব কথা বলেন বক্তারা। অনুষ্ঠানের আয়োজন করে তৈরি পোশাক মালিকদের সংগঠন বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রফতানিকারক সমিতি (বিজিএমইএ)।

NEW



স্মরণসভায় এফবিসিসিআই সভাপতি শফিউল ইসলাম মহিউদ্দিন বলেন, আনিসুল হক একজন সাহসী মানুষ ছিলেন। তার এ গুণটি আমাকে আকৃষ্ট করতো। শত্রুর সঙ্গেও হাসিমুখে সমঝোতা করতেন। আনিসুল হক অন্যায়ের বিরুদ্ধে লড়ে সবার হৃদয়ে বেঁচে আছেন, থাকবেন।

আনিসুল হকের স্ত্রী রুবানা হক বলেন, মানুষের জীবন তো আর শরীর নয়, আত্মা বটে। তার আত্মিক উপস্থিতি আমরা বোধ করি এবং বিশ্বাস করি তিনি আমাদের ছেড়ে কোথাও যাননি। আমাদের এক বড় ভাই বলছিলেন তিনি (আনিসুল হক) বোকা এবং পাগল একটা মানুষ। এ বোকা এবং পাগল মানুষটি হয়তোবা আপনাদের সকলের দোয়ায় যেন স্বর্গে গেছেন।

তিনি আরও বলেন, ব্যবসায়ী হলেই দরজার এ পাশে এক কথা, বাইরে গিয়ে আরেক কথা বলতে হয় না। আনিস কখনও বলে নাই। আনিস সাংঘাতিক সোজা এবং সাদামাটা মানুষ। এবং কখনও কারো বদনাম করেননি, যতোটুকু পেরেছেন ততোটুকু সাহায্য করার চেষ্টা করেছেন, যখন পারেননি তখন অক্ষমতা প্রকাশ করেছেন। উনি যেখানে গেছেন আমি নিশ্চিত তিনি ওইখানে বাগান সাজাচ্ছেন, রাস্তা গোছাচ্ছেন।

আনিসুল হকের স্মৃতিকথা নিয়ে তার পরিবারকে বই প্রকাশের আহ্বান জানান এফবিসিসিআইয়ের সাবেক সভাপতি এ কে আজাদ। তিনি বলেন, আনিসুল হকের স্মৃতির কথা বলে শেষ করা যাবে না। তার সঙ্গে জড়িত বিভিন্ন স্মরণীয় ঘটনা সবাই মনে গেঁথে আছে। তাই আমার প্রত্যাশা আনিসুল হককে সঙ্গে সবার স্মৃতির ঘটনা নিয়ে একটি বই লিখবেন।

বিজিএমইএ সভাপতি সিদ্দিকুর রহমান বলেন, আনিসুল হক কোনো কাজ করতে চাইলে করে দেখিয়েছেন। উত্তর সিটিতে প্রতিনিয়তই এখনও উনার ছোঁয়া পাওয়া যায়। উনি আমাদের মাঝে বেঁচে আছেন।

বিজিএমইএর সাবেক সভাপতি আতিকুল ইসলাম বলেন, উনি সাধারণ মানুষ নন। সাধারণ মানুষ কোনো একটি ক্ষেত্রে ভালো করে, সব ক্ষেত্রে নয়। উনি সর্বক্ষেত্রেই অসাধারণ।

বিজিএমইএ সহ সভাপতি এস এম মান্নান কচি বলেন, শুধু তেজগাঁও ট্রাক স্ট্যান্ডের কথা বলেন, পাড়া-মহল্লায় বেদখল হওয়া জমিও তিনি উদ্ধার করেছেন। সেখানে উন্নয়ন করেছেন। সংকটময় মুহূর্তে আনিসুল হক বিজিএমইএর হয়ে কাজ করেছেন।

NEW



জাগোনিউজের খবর পেতে ফলো করুন

আমাদের গুগল নিউজ চ্যানেল।

স্মরণসভায় বিজিএমইএর সাবেক সভাপতি আনোয়ারুল আলম চৌধুরী, আনিসুল হকের ভাই সাবেক সেনা প্রধান জেনারেল (অব.) আবু বেলাল মোহাম্মদ সফিউল হক, ছেলে নাভিদুল হকসহ বিজিএমইএর ব্যবসায়ী সংগঠনের একাধিক নেতা অনুষ্ঠানে বক্তব্য দেন।

এসআই/এনডিএস/জেআইএম

NEW

